

নোবিপ্রবিতে তৃতীয়বারের মতো 'গবেষণায় হাতেখড়ি' অনুষ্ঠিত

নোবিপ্রবি সংবাদদাতা

প্রকাশ : ২৪ মার্চ ২০২৪, ২০:২৫



নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) সায়েন্স ক্লাবের আয়োজনে নবীন শিক্ষার্থীদের নিয়ে অনুষ্ঠিত হয়েছে 'গবেষণায় হাতেখড়ি'।

 [দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

রোববার (২৪ মার্চ) সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের হাজী মোহাম্মদ ইদ্রিস অডিটোরিয়ামে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

গবেষণা নিয়ে বিস্তারিত ধারণা দিতে গবেষণায় হাতেখড়ি অনুষ্ঠানটিকে গবেষণার সংক্ষিপ্ত পরিচয়, বৈজ্ঞানিকভাবে গবেষণার ধারণা প্রদর্শন, বৈজ্ঞানিক পোস্টার প্রদর্শন, রেফারেন্সিং এর সংক্ষিপ্ত ধারণা এবং 'দ্য আর্ট অব সায়েন্টিফিক কমিউনিকেশন' সহ মোট ৬টি সেগমেন্টে ভাগ করা হয়। এ ছাড়াও শিক্ষার্থীদের পক্ষ থেকে গ্রিন ক্যাম্পাস ইনিশিয়েটিভ নিয়ে আয়োজিত প্রজেক্টের ওপর প্রেজেন্টেশন দেওয়া হয়।

সায়েন্স ক্লাবের আয়োজনকে সাধুবাদ জানিয়ে প্রধান অতিথির বক্তব্যে উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. আব্দুল বাকী বলেন, শিক্ষার্থীরা গবেষণার মাধ্যমে নিজেদের জ্ঞানের বিকাশ ঘটাতে পারে। কোনো বিষয় নিয়ে গবেষণা করবে এটা ঠিক করাটা খুবই জরুরি। কি নিয়ে গবেষণা করতে চাই, টাইটেলটা কি হবে এটা মাথা থেকে আসতে হবে। এটা যদি কপি পেস্ট করো তাহলে সেটা প্লেজারিজম এ ধরা পড়ে যাবে। প্রায় সময় দেখা যায় অনেকে টাকা দিয়ে তার রিসার্চ পেপার পাবলিশ করায়। বলতে গেলে অনেক ভালো মানের জার্নালে তারা টাকা দিয়ে পেপার পাবলিশ করিয়ে নেয়। তবে এখনো অনেক জার্নাল আছে যেখানে সংভাবে পেপার পাবলিশ হয়। তোমাদের কাছে আমার অনুরোধ গবেষণা হয়তো তোমাকে টাকা দিবে না, কিন্তু জ্ঞান দিবে। এটার জন্য পাগলামি লাগে। যার যত বেশি পাগলামি গবেষণার প্রতি সে তত বেশি এগিয়ে যাবে।



অনুষ্ঠানে মূল বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ নাজমুল আহসান। এছাড়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষা বিভাগে প্রধান ও ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগের পরিচালক অধ্যাপক ড. বিপ্লব মল্লিক, সায়েন্স ক্লাবের উপদেষ্টা ও ফার্মেসি বিভাগের প্রধান অধ্যাপক ড. মোহাম্মদ শফিকুল ইসলাম, মাইক্রোবায়োলজি বিভাগের প্রধান অধ্যাপক ড. ফিরোজ আহমেদ।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন উপ-উপদেষ্টা এবং বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান ড. মফিজুল ইসলাম, নোবিপ্রবির ফার্মেসি বিভাগের প্রভাষক আব্দুল বারেক স্যার এবং বায়োটেকনোলজি অ্যান্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রভাষক আব্দুল কাদের।